



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের গুরুত্ব

তরুণ প্রজন্মের কাছে তুলে ধরার আহবান ববি উপাচার্যের

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৭ মার্চ ২০২১খ্রিঃ।

বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ছিলো বাঙালীর বিভিন্ন ঐতিহাসিক আন্দোলন সংগ্রামের ভিত্তিমূল। একটি জাতিকে কিভাবে স্বাধীন করতে হবে, কিভাবে অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক ভাবে স্বাবলম্বি করে গড়ে তুলতে হবে তার সব কিছুই দিক নির্দেশনা ছিলো জাতির পিতার ঐতিহাসিক এ ভাষণে। তিনি আজীবন স্বপ্ন দেখেছিলেন একটি ক্ষুধা ও দারিদ্রমুক্ত সোনার বাংলা প্রতিষ্ঠার। আর সে লক্ষে বঙ্গবন্ধু আমৃত্যু সংগ্রাম করে গেছেন। তিনি চেয়েছেন বিশ্বের বুকে বাঙালী জাতি একটি আত্মমর্যাদাশীল জাতি হিসেবে প্রতিষ্ঠা পাক। আর সে লক্ষে কাজ করে বঙ্গবন্ধুর স্বপ্নকে বাস্তবে রূপদান করছেন তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁর দৃঢ় চেতা মনোভাব, সাহসী নেতৃত্ব ও সময়োপযোগী সিদ্ধান্তের কারণে আজ বাংলাদেশ বিশ্বের বুকে মাথা তুলে দাড়িয়েছে। ৭ই মার্চ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের আলোচনা সভায় এ কথা বলেন ববি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন।

এসময় তাৎপর্যপূর্ণ ও সুদূরপ্রসারী চিন্তা চেতনার এ ভাষণের গুরুত্বকে তরুণ প্রজন্মের কাছে তুলে ধরার আহবান জানান উপাচার্য মহোদয়। ৭ই মার্চ উপলক্ষে সকাল ১০:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ক্যাম্পাসে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন ববি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, বিভাগীয় প্রধান, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, শিক্ষকমণ্ডলী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। উপাচার্য মহোদয়ের শ্রদ্ধা নিবেদনের পর বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের আয়োজনে দুপুর ১১টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কলা ও মানবিক অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দীন। অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ বাহাউদ্দিন গোলাপের সভাপতিত্বে সভায় আরও বক্তব্য রাখেন ববি শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, শিক্ষক সমিতির কার্যনিবাহী সদস্য জ্যোতির্ময় বিশ্বাস, অফিসার্স এসোসিয়েশনের সাবেক সভাপতি মো. হুমায়ুন কবীর, সহকারী লাইব্রেরিয়ান মধুসূদন হালদার, অফিসার্স এসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক মোঃ রফিকুল ইসলাম সেরনিয়াবাত, স্টোর অফিসার তৌছিক আহমেদ রাহাত, সেকশন অফিসার মোঃ হাবিবুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা সাইফা আলম, অফিসার্স এসোসিয়েশনের মহিলা বিষয়ক সম্পাদিকা নুসরাত জাহান, শিক্ষার্থীদের মধ্যে মোঃ শফিক মুন্সি ও অমিত হাসান রজ্জিম, খেড ১১-১৬ কল্যান পরিষদের সাবেক সভাপতি মোঃ নাদিম মল্লিক ও খেড ১৭-২০ কল্যান পরিষদের সভাপতি শেখ ফরিদুল ইসলাম। অনুষ্ঠানটি সম্বলনা করেন অফিসার্স এসোসিয়েশনের সহ-সাধারণ সম্পাদক মোঃ জসিম উদ্দীন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস